09 JUN 2016
পৃষ্ঠা 2 কলাম 6

যুগান্তর

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান

# এমপিদের না রাখার রায় স্থগিত করেননি আপিল বিভাগ

## শুনানি ১২ জুন

**যুগান্তর রিপোর্ট**

বেসরকারি স্কুল ও কলেজের গভর্নিং বডির সভাপতি পদে এমপিদের না রাখা ও বিশেষ কমিটি গঠনের বিধান বাতিল করে হাইকোর্টের রায় স্থগিত করেননি আপিল বিভাগ। রায় স্থগিতে সরকারপক্ষের করা এ সংক্রান্ত আবেদনটি বুধবার শুনানির জন্য আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে পাঠিয়েছেন আপিল বিভাগের চেম্বার আদালত। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা নেতৃত্বাধীন বেঞ্চে ১২ জুন শুনানির দিনও নির্ধারণ করে দিয়েছেন চেম্বার বিচারপতি মির্জা হোসেইন হায়দার। ১ জুন হাইকোর্ট বেসরকারি মাধ্যমিক-উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯-এর ৫ ধারায় এমপিদের সভাপতি হওয়ার অভিপ্রায়কে সংবিধানপরিপন্থী ঘোষণা করেন। এছাড়া এ প্রবিধানমালার ৫০ ধারায় বিশেষ গভর্নিং বডি গঠনের বিধানকেও সংবিধানপরিপন্থী ঘোষণা করা হয়েছে। এ রায়ে রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের বিশেষ গভর্নিং বডি ভেঙে দিয়ে ৬ মাসের জন্য এডহক কমিটি গঠনের নির্দেশ দেয়া হয়েছে। রায়ে এ সময়ের মধ্যে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ গঠনের জন্য নতুন নির্বাচন দিতেও বলা হয়েছে। হাইকোর্টের রায় স্থগিত চেয়ে আপিল বিভাগে আবেদন করেন ভিকারুননিসা নূন কলেজের বিশেষ কমিটির সভাপতি রাশেদ খান মেনন ও কলেজের অধ্যক্ষ। আবেদনের পক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম ও রিটকারীর পক্ষে অ্যাডভোকেট ইউনূস আলি আকন্দ। শুনানি শেষে আপিল বিভাগের চেম্বার বিচারপতি উপরোক্ত আদেশ দেন।